



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫২.২০১৬.১৬৩৬

তারিখ : ০১/০৮/২০১৯ খ্রি.


### অফিস আদেশ

যশোর সরকারি সিটি কলেজ, যশোর-এর অধ্যক্ষ প্রফেসর আবু তোরাব মো: হাসান (৮০১০) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৭/২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০১৯.১৮.১০৩১ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক ছুটি মঞ্জুরীর প্রেক্ষিতে পবিত্র হজ্জ পালনের উদ্দেশ্যে ৩০/০৭/২০১৯ তারিখ হতে ১৩/০৯/২০১৯ তারিখ পর্যন্ত সৌদি আরব অবস্থান করবেন। উক্ত সময়ে কলেজের উপাধ্যক্ষ প্রফেসর জুবাইদা গুলসান আরা (আইডি নং-৬৪৪৯) অধ্যক্ষের রুটিন দায়িত্ব পালন করবেন বিধায় তাকে আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদানের জন্য অধ্যক্ষ সুপারিশ করেন। সে মোতাবেক কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে উপাধ্যক্ষ প্রফেসর জুবাইদা গুলসান আরা (আইডি নং-৬৪৪৯)-কে অধ্যক্ষের ছুটিকালীন সময়ের জন্য সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২। কলেজের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তাঁকে প্রাতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহে স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতায় থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নিদিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭)  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন নং- ৯৫৬০২৬৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. অধ্যক্ষ, যশোর সরকারি সিটি কলেজ, যশোর।
৪. উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানাপল্টন, ঢাকা।
৬. প্রফেসর জুবাইদা গুলসান আরা (আইডি নং-৬৪৪৯), যশোর সরকারি সিটি কলেজ, যশোর।
৭. সহকারী পরিচালক (কলেজ-১, কলেজ-৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮. বিভাগীয়/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা .....
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০. সংরক্ষণ নথি।